

উত্তরপত্র / লেকচার -২ (১১.৭.২০)

ক) এক লাইনে উত্তর লিখ।

১. কোন পাখিকে ঘরের সদস্যের সাথে তুলনা করা হয়েছে?

উত্তর: চডুই পাখিকে ঘরের সদস্যের সাথে তুলনা করা হয়েছে।

২. কোথায় চডুয়ের প্রিয় জায়গা?

উত্তর: লোকালয় চডুয়ের প্রিয় জায়গা।

৩. চডুই কোথায় বাসা তৈরি করে?

উত্তর: মানুষের বাসাবাড়ির ঘুলঘুলিতে চডুই বাসা তৈরি করে।

৪. চডুই পাখি কিভাবে বাসা বানায়?

উত্তর: চডুই পাখি টুকরো কাপড়, শুকনো ঘাস এবং খড় দিয়ে বাসা বানায়।

৫. চডুই পাখির মাথার রং কী?

উত্তর: চডুই পাখির মাথা ছাই রং এর।

৬. চডুইয়ের পালক দেখতে কেমন?

উত্তর: চডুইয়ের পালক দেখতে বাদামি রং এর।

৭. চডুইয়ের পিঠে কেমন দাগ দেখা যায়?

উত্তর: চডুইয়ের পিঠে কালো ছোট ছোট দাগ দেখা যায়।

৮. চডুই পাখির ডানায় কেমন রেখা থাকে?

উত্তর: চডুই পাখির ডানায় সাদা অথবা লালচে রেখা থাকে।

৯. চডুই পাখির প্রিয় খাদ্য কী?

উত্তর: শস্যদানা চডুই পাখির প্রিয় খাদ্য।

১০. চডুই কিভাবে ফসলের উপকার করে?

উত্তর: কীটপতঙ্গ খেয়ে চডুই ফসলের উপকার করে।

১১. টুনটুনি পাখি আকারে কেমন?

উত্তর: টুনটুনি পাখি আকাণ্ডে ছোট।

১২. টুনটুনি পালকের রং কী?

উত্তর: টুনটুনি পালকের রং জলপাই সবুজ।

১৩. টুনটুনি পাখির কোথায় এবং কী ধরনের ছোপ থাকে?

উত্তর: টুনটুনি পাখির মাথায় এবং লালচে ধরনের ছোপ থাকে।

১৪. টুনটুনি ঠোঁট দেখতে কেমন?

উত্তর: টুনটুনি ঠোঁট দেখতে লম্বাটে।

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: পাখির জগৎ

১৫. টুনটুনি কেমন শব্দ করে ঘুরে বেড়ায়?

উত্তর: টুনটুনি টুই টুই শব্দ করে ঘুরে বেড়ায়।

১৬. কোন পাখি মানুষের কাছাকাছি থাকতে ভালোবাসে?

উত্তর: টুনটুনি পাখি মানুষের কাছাকাছি থাকতে ভালোবাসে।

১৭. টুনটুনি পাখির প্রিয় খাদ্য কী?

উত্তর: টুনটুনি পাখির প্রিয় খাদ্য হলো ফুলের মধু।

খ) যুক্তবর্ণ লিখ।

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	একটি করে বাক্য তৈরি কর
ন্দ	ন+দ		নিজেরা বাক্য তৈরি করবেন
ঞ্জ	ঞ+জ		"
ম্ব	ম+ব		"
ক্ত	ক+ত		"
চ্ছ	চ+ছ		"
ন্ত	ন+ত		"
ব্দ	ব+দ		"
স্ব	স+ব		"
শ্য	শ+্য(য-ফলা		"
ন্ধ	ন+ধ		"
ম্ব	ক+ষ+ন		"

গ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।

১. কোন পাখি আমাদের ঘরেরই কেউ এবং কেন?

উত্তর: চডুই আমাদের ঘরেরই কেউ। কেননা এরা লোকালয়ে থাকে এবং সাধারণত মানুষের বাসাবাড়িতে এরা বাসা বানায়। যেন পরিবারের অন্যান্য সদস্যের মতো সেও একজন সদস্য হয়ে ওঠে।

২. কোন পাখি আমাদের পরিবেশ সুন্দর রাখতে সাহায্য করে এবং কীভাবে?

উত্তর: টুনটুনি পাখি আমাদের পরিবেশ সুন্দর রাখতে সাহায্য করে। কারণ টুনটুনি পাখি পরিবেশের জন্য

অনেক ক্ষতিকর পোকামাকড় খেয়ে ফেলে।

৩. পাখিদের কেন ভোরের দূত বলা হয়?

উত্তর: পাখিদের ভোরের দূত বলা হয়। মানুষের ঘুম ভাঙ্গার আগেই ভোর হতেই পাখিরা জেগে ওঠে এবং কিচিরমিচির করা শুরু করে দেয়। যেন মানুষের কাছে ভোর হওয়ার বার্তাটি পৌঁছে দিচ্ছে। তাই পাখিদের ভোরের দূত বলা হয়।